

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)  
পরিকল্পনা মন্ত্রণালয়  
নীলক্ষেত্র, ঢাকা – ১২০৫

নং ২০.০৭.০০০০.০০৯.৩১.০০৬.১৭ – ৮৮৮

তারিখঃ ০২ বৈশাখ ১৪২৭  
১৫ এপ্রিল ২০২০

অফিস আদেশ

কোভিড-১৯ চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক এবং অন্যান্য ব্যক্তিবর্গের এনএপিডিতে থাকা ও খাওয়ার সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের নিম্নে উল্লিখিত নিয়ম অনুসরণ করে দায়িত্ব পালন করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

- ০১। তিনবেলা রান্না করা খাবার প্রতিটি রুমে ওয়ান টাইম বক্সে করে একজন কর্মচারী পৌঁছে দেবেন।
- ০২। খাবার শেষে বোর্ডারগণ ওয়ান টাইম বক্স দরজার বাইরে রেখে দেবেন যা একাডেমির দায়িত্বপ্রাপ্ত একজন কর্মচারী সংগ্রহ করে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ডিসপোজাল করবেন।
- ০৩। রুমে রুমে খাবার দেয়া ও খাবার শেষে বক্স সংগ্রহ করার দায়িত্বে থাকা কর্মচারী যথাযথ সুরক্ষা সামগ্রী ব্যবহার করবেন এবং একবার ব্যবহারের পরই তা ডিসপোজাল করবেন।
- ০৪। বাজার করা ও রান্নার সাথে সংশ্লিষ্ট সকলে সুরক্ষা সামগ্রী ব্যবহার করে কাজ করবেন।
- ০৫। এতদসংশ্লিষ্ট সকল কাজ সামনের গেইট ব্যবহার করে করতে হবে। একাডেমির আবাসিক এলাকার ভেতরের রাস্তা ও গেইট ব্যবহার করা যাবে না।
- ০৬। আবাসিক এলাকা থেকে অফিসের ভেতরে আসার রাস্তা এবং রান্নাঘরের দরজা বন্ধ থাকবে।
- ০৭। একাডেমির মসজিদ ঘর পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে।
- ০৮। কোন রুমের বোর্ডার পরিবর্তন হলে যথাযথ সুরক্ষা সামগ্রী ব্যবহার করে রুমে ব্যবহৃত বিছানার চাদর, বালিশের কাভার, তোয়ালে বড় বিন ব্যাগের মাধ্যমে সংগ্রহ করে ধুতে দিতে হবে।
- ০৯। বাথরুম, চেয়ার, টেবিল, দরজার হাতল, লিফটের বাটন জীবানুনাশক স্প্রে করে পরিষ্কার করতে হবে।
- ১০। যে যে কর্মচারী দায়িত্ব পালন করবেন তারা ডরমিটরিতেই রাত্রি যাপন করবেন এবং করোনা ভাইরাস সংক্রমন রোধে করণীয় (যেমন: সামাজিক দূরত্ব বজায় রাখা, হাঁচি-কাশির নিয়ম মেনে চলা, বারবার হাত ধোয়া, মাস্ক ব্যবহার করা ইত্যাদি) মেনে চলবেন।
- ১১। একাডেমিতে প্রবেশের সময় কর্মকর্তা-কর্মচারীগণ নিজেদের এবং আগত চিকিৎসক ও অন্যান্যদের হাত ধোয়া এবং স্যানিটাইজার ব্যবহার নিশ্চিত করবেন।
- ১২। কেয়ারটেকার প্রতি সপ্তাহে কমপক্ষে একবার সিটি কর্পোরেশনের কর্মীর মাধ্যমে মশার স্প্রে করাবেন।

  
১৫/০৬/২০২০

প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ  
পরিচালক (প্রশাসন ও অর্থ)

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০১। সচিব/সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
- ০৩। জনাব মোঃ ছরোয়ার হোসেন, উপসচিব (জিএনএসপি এইচআর শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিউমার্কেট থানা।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, এনএপিডি।
- ০৬। পরিচালক (প্রশিক্ষণ/প্রশাসন ও অর্থ/গবেষণা ও প্রকাশনা)-এর ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
- ০৭। জনাব মোঃ রাজিউর রহমান, কেয়ারটেকার, এনএপিডি।
- ০৮। বেগম জাকিয়া বেগম, ডরমিটরি সুপারিনটেনডেন্ট, এনএপিডি।
- ০৯। জনাব মোঃ সুলতান সালাউদ্দিন, ক্যাফেটারিয়া সুপারিনটেনডেন্ট, এনএপিডি।
- ১০। সকল কর্মকর্তা/কর্মচারী, এনএপিডি।